DCRB(T)/

W.B.P.Form No.

# FIRST INFORMATION REPORT

684

First Information of a cognizable crime reported under section154 Cr. P. C. at P.S.

1. Dist. Purba Mel Sub-Divn. Haldia P.S. Nandigram Year 2017 FIR NO. 34/17 Date 21.1.17
2. i) Act IPC Section 498A/323/ ii) Act 406/34 Sections
2. ii) Act Section iv) Other Act & Sections
3. a) General Diary Reference : Entry No. 883 Time 10.05 hrs
   b) Occarrence of Offence : Day Date 5.1.17 Time 10.00 hrs
   c) Information received Date 21.1.17 Time 10.05 hrs
   G. D. No. 883 at the Police Station :
4. Type of Information. Written / Oral court complaint M.P. 03/17
5. Place of Occurrence a) Direction and Distrance from P. S. 18 Km. South/west.
   b) Address vill - Hanubhunia, J.L.No. 133, G.P. Birulia, Block Nandigram II, P.S. Nandigram, Dist - Purba Midnapur.
   c) In cash outside limit of this Police Station, then the name of P.S.
   District
6. Complaint /Informant :
   a) Name Susupadma Jana.
   b) Father's / Husband's Name Asoke Jana
   c) Date/Year of Birth
   d) Nationality
   e) Address vill - Hanubhunia, P.S. Nandigram, Dist Purba Midnapur.
7. Detaiuls Known/Suspected/Unknown/Accused with full particulars (Attach separate sheet, if necessary) 1. Asoke Jana S/o Santosh Jana 2. Santosh Kr. Jana S/o Lt. Bhutnath 3. Subala Jana W/o Santosh 4. Manula Jana W/o Santosh Jana 5. Badal Jana S/o Lt. Bhutnath 6. Bulti Jana W/o Biswajit Jana all of Hanubhunia, P.S. Nandigram, Dist Purba Midnapur. W/o Fani Bhusan Bag of Lokanda, P.S. Bhagawanpur.
8. Reasons for dealy in reporting by the Complaint/Informant
9. Particular of properties stolen / involved : (Attach separete sheet, if required) :
10. Total value of Properties stolen / involved :
11. Inquest report / U.D. : Case No. if any :
12. FIR Contents : (Attach separate sheets, if required) :

The original written court complain which is treated as FIR is attached herewith.

13. Action taken : Since the above report reveals commission of offence (s) u/s 498A/323/406/34 IPC
register the case and took up the investigation/directed ASI Anirruddha Chakraborty of Nandigram P.S. to take up the investigation transferred to P. S. on point of jurisdiction FIR read over to the Compl aint / informant. admitted to be correctly recorded and given to the Complainant/Informant free of cost.

Signature / Thumb Impression of the Complainant /Informant

[signature] 21.1.17

Signature of the Office-in-charge, Police Station with
Name KASI NATH CHAUDHURI
Rank O/c Nandigram P.S. Officer-in-Charge
Number, if any NANDIGRAM POLICE STATION Purba Medinipur

DR-302(1)

**In the Court of Ld.A.C.J.M-I Haldia , Purba Medinipur**

**F.I.R** Ref.......03....... **M.P/2017**

**বাদীনি**

শ্রীমতি পদ্মা জানা
স্বামী - শ্রী অশোক জানা
সাং - হানুভুএ্যা
দঃ গড়সাই
দঃ পাড়া
পোঃ হানুভুএ্যা
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর
বর্তমান ঠিকানা -
পিতা - ফনীভূষন বাগ
সাং - ধান্দা
পোঃ - গোপিনাথপুর
থানা - ভগবানপুর
জেলা - পূর্ব মেদিনীপুর

**ঘটনার সময় ও তারিখ**
সকাল ১০টা
০৫/০১/২০১৭

**আসামীগন**

১) শ্রী অশোক জানা
পিতা - সন্তোষ কুমার জানা
২) সন্তোষ কুমার জানা
পিতা - ভূতুনাথ
৩) সুব্রত জানা
পিতা- সন্তোষ কুমার জানা
৪) নমিতা জানা
স্বামী - সন্তোষ কুমার জানা
৫) বাদল জানা
পিতা - ভূতুনাথ
৬) বুল্টি জানা
স্বামী - বিশ্বজিৎ জানা
সর্ব্বসাং - সাং - হানুভুএ্যা
দঃ গড়সাই
দঃ পাড়া
পোঃ হানুভুএ্যা
থানা - নন্দীগ্রাম
জেলা - পূর্ব মেদিনীপুর

**স্বাক্ষী**

১) মহাদেব বাগ
পিতা - কানাই
২) ফনিভূষন বাগ
পিতা - মৃত্যুঞ্জয়
৩) দুর্গাপদ বাগ
পিতা - মৃত্যুঞ্জয়
৪) চন্ডীপুর এড়াশাল হাসপাতাল
৬) O/C Nandigram P.S.
৮) S.P. Purba Medinipur
অরো অনান্য অনেকে

Received on 21/1/17 at 10:05 hrs and started Nandigram P.S. case no. 34/17 dt 21.1.17 u/s 498A/323/406/34 IPC.
Officer-in-charge
NANDIGRAM POLICE STATION

মহোদয়ের নিকটে অধিন বাদীনির বিনীত নিবেদন এই যে আসামীগন এক দলভুক্ত বদমাইস, দাঙ্গাবাজ , হিংসুটে ব্যাক্তিগন হইতেছে । গত ৮ বছর পুর্বে ১ নং আসামীর সহিত হিন্দু শাস্ত্রমতে অধীনার বিবাহ হয় ।অধীনা বিয়ের পর স্বামী স্ত্রী একান্নবর্ত্তী পরিবারে বসবাস করিতে থাকে । এর পুর অধীনার একটি পুত্র সন্তান হয় যাহার নাম সোভন জানা বয়স ৫বছর এর পর ২নং আসামী অধীনার শশুর কলিকাতায় একটি কোম্পানীতে কাজ করে ।অবসর নেওয়ার পর বাড়ীতেই থাকতেন ।অধীনার বিয়ের চার

পরপৃষ্ঠা ..............১/২

FILED
16 JAN 2017



বছর পর ২নং ও ৩নং আসামীগন নানারকম কুমন্ত্রনায় আমাকে কারনে আকারনে শারীরিক ও মানসীক ভাবে নির্যাতন করিতে থাকে । অধীনাকে খাওয়া পরা ও ঔষধ পত্র কিছুই দিত না । খাওয়ার রান্না করিয়া রাখিলে ৪নং আসামী চাবীর ভিতর খাওয়ার রাখিয়া দিত । খাওয়ার কথা বলিলে ২নং ও ৪ নং আসামী বলিতে থাকে তোর বাবাকে বল খাওয়ানোর খরচা দিয়ে যেতে । বাবাকে বলিলে বাবা এসে অধীনাকে ঘর করানোর স্বার্থে সমস্ত অত্যাচার মুখ বুজিয়া সহ্য করিয়া শশুর শাশুড়ির পায়ে হাতে ধরিয়া বাজার পত্র করিয়া দিয়ে যাইত । এই রকম বার বার করিয়া যাইত । বাবা অসুস্থ হওয়ায় আর বেশি আসিতে পারে না সেই সুযোগে আসামীগন দিনের পর দিন অধিনার উপর অকথ্য অত্যাচার করিয়া আসিতেছে। নিরুপায় হইয়া বাবার বাড়ির অবস্থা দেখিয়া সমস্ত অত্যাচার মুখ বুঝিয়া সহ্য করিয়া আসিতেছিলাম । স্বামী কলিকাতা কোম্পানীর কাজ করিয়া বাড়ি ফিরিয়া আসিয়া অধীনাকে নানারকম কথা শোনায় এবং অধীনাকে মারধর করিতে থাকে ও বলে অধীনাকে মেরে বিদেশে চলে যাবে । ২নং আসামী অধীনার স্বামীকে বলে তোর বড় জেঠ্যা বড় জেঠিমাকে মেরে ফাঁসিতে ঝুলিয়ে দিয়েছিল কেউ কোন কিছু করিতে পারে নাই তুই ও এই রুপ কর ওর বাবা গরিব অসুস্থ ওরা কী করবে । ৪ নং আসামী বলে তুই এখুনি বিষ খেয়ে মর , ফাঁসি নিয়ে মর আমার ছেলেকে পুনরায় বিয়ে করাবো । অনেক টাকা পাব । গত ইংরাজী ২/১/২০১৭ তারিখ কলিকাতা হইতে স্বামী বাড়ি আসিলে আমার ছেলে ঔষধ কেনার জন্য পাড়ার এক কাকিমার কাছ থেকে ৩০০/- টাকা ধার করিয়া ঔষধ আনিয়া সুস্থ করি ঔই টাকা চাহিলে ৪/১/২০১৭ আনুমানিক বিকাল ৫টার সময় ১নং আসামী অধীনাকে লাঠিদিয়ে মারধর করে ও বলে এক টাকাও দেবো না তোর বাবাকে দিতে বল । তখন অধিনা বললেন তোমার ছেলে তুমি দাও , এই কথা বলিলে ২নং আসামী বলে এর খুব মুখ বেড়েছে , এই বলিয়া আমার চুলের মুঠি ধরিয়া অধীনাকে মাটিতে ফেলিয়া মারধর করিতে থাকে । এরপর ৪ নং আসামী দড়ি বের করিয়া আনিয়া বলিতে থাকে একে ফাঁসিতে ঝুলিয়ে দে। অধীনাকে মারিয়া ফেলিবে অধিনা কোনরুপ বুঝতে পারিয়া দৌড়ে পালায় । পালাতে গিয়া ৫নং ও ৬ নং আসামী অধীনাকে ধরে ফেলে তার বাড়িতে আমাকে আটকে রেখে প্রানে মেরে ফেলার হুক করে । অধীনা বুঝিতে পেরে কোনরুপ পালাইবার চেষ্ঠা করে । এর পর ১নং আসামী সহ ৩ নং , ৫নং, ৬নং আসামীগন গত ইংরাজী ৫/১/২০১৭ আনুমানিক সকাল ১০টার সময় আমার সমস্ত গয়না গাঠি নিয়ে নেয় এবং আমাকে মারধর করিতে করিতে ফাঁকা কেলেন

পর পৃষ্ঠা .............১/২

FILED
16 JAN 2017



পাড়ের দিকে নিয়ে গিয়ে মারধর করিতে থাকে। অধীনের গলায় কাপড় লইয়া মরমা রাস্তায় টানিতে থাকে। ৩নং আসামী আমার শরীরের যেখানে সেখানে লাথি মারিতে থাকে। এবং ৫নং আসামী বলিতে থাকে ওকে মেরে কেলভাটের নিচে ফেলে দে। ৬নং আসামী বলে ওর কানে থাকা রিংটা খুলে নেয় বলে নিজেই খুলে নিল। অধিনা চিৎকার করিতে থাকে, অধীনার চিৎকার শুনিয়া পথে যাওয়া একটি অপরিচিত লোক দাঁড়িয়ে প্রতিবাদ করিলে এবং ওই ভদ্রলোক লোকজন ডাকিলে আসামনীগন দৌড়ে পালায়। ঐই ভদ্রলোক অধীনাকে বাবার বাড়িতে চলে যেতে বলে ও অধীনাকে কিছুটা এগিয়ে দেয়। অধীনা বাবার বাড়িতে ফোন করিলে বাবার বাড়ির পাশের লোক আসিয়া অধীনাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে। এবং একটি ঔষধ দোকানে নিয়ে যায় এবং ঔই দোকানে প্রাথমিক চিকিৎসা করেন। এর পর বাবার বাড়ীর লোক জন চন্ডীপুর এড়াশাল হাসপাতালে চিকিৎসা করান। অধিনা আশঙ্কা করিতেছে যে অধীনার পাঁচবছরের পুত্র সন্তান ১নং আসামীর নিকট রহিয়াছে তাহাকে প্রানে মেরে ফেলতে পারে। অধীনা বর্তমানে বাবার বাসায় রহিয়াছে। অধিনা যাহাতে অধিনার সন্তানকে ফিরে পেতে পারে এবং আসামীরা শাস্তি পেতে পারে তাই আপনার সরনাপন্ন হইয়াছি।

উক্ত ঘটনা র কথা আমি নন্দিগ্রাম থানায় জানাতে গেলে থানা কতৃপক্ষ অভিযোগ নিতে অস্বিকার করে। অস্বিকার করায় গত ইংরাজী ১১/১/২০১৭ তারিখ ওসি নন্দীগ্রাম থানাকে ডাকযোগে জানাইয়াছি। থানা হইতে কোন প্রতিকার না পাওয়ার কারনে গত ইংরাজী ১৩/১/২০১৭ তারিখে এস.পি তমলুক পূর্ব মেদিনীপুর মহাশয়কে জানাইয়াছি। ঘটনার যথেষ্ট স্বাক্ষ্য প্রমানাদি রহিয়াছে। অত্রসহ ডাকযোগে জানানো ওসি নন্দিগ্রাম থানায় ও এস.পি তমলুক পূর্ব মেদিনীপুর মহাশয়কে জানানোর জেরক্স কপি দাখিল করিলাম।

আসামীগন ভাঃ দঃ বিঃ আইনি জখনতম অপরাধ করিয়াছে।

অতএব প্রার্থনা এই যে অত্র দরখাস্তে দৃষ্টান্তে সন্তুষ্ট হইয়া হুজুর বাহাদুর ফৌঃ কাঃ বিঃ আইনের ১৫৬(৩) ধারামতে ওসি ~~ভাবনীপুর~~ থানাকে তদন্তের আদেশ দানে সুবিচার করিতে আজ্ঞা হয়।

নিবেদন ইতি

তাং- 16.01.17